



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৭ ডিসেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

সাজেকে চার গ্রামবাসীকে গ্রেফতারের নিন্দা, নিঃশর্ত মুক্তির দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ রবিবার, ২৭ ডিসেম্বর ২০২০ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে সাজেকে চার গ্রামবাসীকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তাদের নিঃশর্ত মুক্তির দাবি করেছেন।

গ্রেফতারকৃতরা হলেন-১. বিনয় চাকমা (৪৫), পিতা- মৃত বিজয় কুমার চাকমা, গ্রাম-বাইবা ছড়া, ২. অনিল চন্দ্র চাকমা, পিতা- আদেয়ে চাকমা, গ্রাম-বাইবাছড়া, ৫. বাটে চাকমা (৪৫), পিতা- দুলেয়ে চাকমা, গ্রাম- গুলকমা ছড়া ও ৪. স্মৃতিময় চাকমা, গ্রাম- গুলকমা ছড়া। এর মধ্যে বিনয় চাকমা সাজেক ইউনিয়ন পরিষদের সাবেক মেম্বার।

বিবৃতিতে তিনি বিস্ময় প্রকাশ করে বলেন, বিভিন্ন নিউজ পোর্টালে সাজেকে গ্রেফতারকৃতদের ইউপিডিএফ সদস্য এবং তাদের কাছ থেকে ‘অস্ত্র ও গুলি’ উদ্ধারের খবর প্রকাশ করা হয়েছে। যা সর্বৈব মিথ্যা এবং সাজানো। গ্রেফতারকৃতরা কেউই ইউপিডিএফ সদস্য নয়, তারা চারজনই সাধারণ গ্রামবাসী। সুতরাং তাদের কাছে অস্ত্র-গুলি থাকার কোন প্রশ্নই আসে না।

তিনি প্রকৃত ঘটনার বিবরণ দিয়ে বলেন, গতকাল ২৬ ডিসেম্বর ২০২০ ইউপিডিএফ’র ২২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সাজেকের গঙ্গারাম এলাকায় আয়োজিত অনুষ্ঠান শেষে বাড়ি ফেরার পথে বিকাল ৪টার সময় চদগীছড়া মুসফিক ক্যাম্পের সেনা সদস্যরা উক্ত চার গ্রামবাসীকে গ্রেফতার করে ক্যাম্পে নিয়ে যায়। পরে নির্যাতনের পর দিবাগত রাত ১২টার সময় তাদেরকে সাজেক থানায় হস্তান্তর করে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা উদ্বেগ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে সেনাবাহিনীর নিপীড়ন-নির্যাতন এতটাই ভয়ঙ্কর রূপ নিয়েছে যে সাধারণ গ্রামবাসীরা পর্যন্ত এই নিপীড়নের হাত থেকে রেহাই পাচ্ছেন না। আর এই নিপীড়ন জায়েজ করতে নিরীহ লোকজনকে গ্রেফতারের পর পরই হাতে অস্ত্র গুলি দিয়ে ইউপিডিএফ কর্মী সাজানো যেন সেনাবাহিনী ও প্রশাসনের একটা রেওয়াজে পরিণত হয়েছে। নৈতিকতা কতটা নীচে নামলে এমন মিথ্যার আশ্রয় নেয়া যায় তা নিয়ে তিনি প্রশ্ন তোলেন।

তিনি অবিলম্বে গ্রেফতারকৃত চার গ্রামবাসীকে নিঃশর্ত মুক্তির দাবি জানান। একই সাথে তিনি যাচাই-বাছাই সাপেক্ষে সঠিক ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য সকল সংবাদ মাধ্যমের প্রতিও অনুরোধ জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)